৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৭.১৯-১৩৩

তারিখ : ২১ চৈত্র ১৪২৭ ব: / ০৪ এপ্রিল ২০২১ খ্রি:

বিষয় : ''দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন'' শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৪র্থ সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন'' শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৪র্থ সভা গত ২৩/০৩/২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৪/০৪/২০২১
(আরিফ আহমদ)
উপসচিব
ফোন : ৯৫৬৫৫৭৫

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য (সিনিয়র সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৯. যুগ্ম সচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০. যুগ্ম প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. উপপ্রধান, পরিকল্পনা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. প্রকল্প পরিচালক ''দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন'' শীর্ষক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

অনুলিপি :

১. [redacted] সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অফিস কপি/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ২৩ মার্চ ২০২১ |
| সময় | : | বিকাল ৩.৩০ ঘটিকা । |
| স্থান | : | সম্মেলন কক্ষ, সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয় । |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বর্তমান করোনা সংক্রমণ পরিস্থিতিতে স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' ও 'ক্রয় পরিকল্পনা' অনুযায়ী প্রকল্পের কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের কার্যক্রম সম্পাদন করার নির্দেশনা প্রদান করেন। অত:পর তিনি প্রকল্প পরিচালককে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, আলোচ্য প্রকল্পের বাস্তবায়নকাল জানুয়ারি ২০১১ হতে জুন ২০২১ পর্যন্ত। প্রকল্পের ২য় সংশোধন একনেক কর্তৃক ৪১৯৩৭.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। সর্বশেষ সংশোধন অনুযায়ী প্রকল্পের আওতায় ২১টি স্টেশন সংযুক্ত করে ৪৬টি ফায়ার স্টেশন নির্মাণের সংস্থান করা হয়। এর মধ্যে ৪৬টি ফায়ার স্টেশনের মধ্যে অনুমোদিত প্রকল্প দলিলে ৩৬টি স্টেশনের জমি অধিগ্রহণ বাবদ ৩১৮১.৩৩ লক্ষ টাকার সংস্থান রয়েছে এবং (৯+১) = ১০টি বিদ্যমান জমিতে পুনর্নির্মাণ করার লক্ষে বাস্তবায়িত হচ্ছে। ইতোমধ্যে ২৯টি জমি অধিগ্রহণ বাবদ ৭৩৯.৬১২ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং অবশিষ্ট আছে (৩১৮১.৩৩+৭৩৯.৬১২) = ২৪৪১.৭১৮ লক্ষ টাকা। ০৩টি জমি বিনা মূল্যে পাওয়ায় (ঘাটাইল সেনানিবাস, যশোর সেনানিবাস ও কল্যানপুর সড়ক ও জনপদ বিভাগ কর্তৃক বরাদ্দকৃত) জমি অধিগ্রহণ খাতে (৯৯.০০+২০০.০০+৩০০.০০) = ৫৯৯.০০ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। সাশ্রয়কৃত অর্থ থেকে পরিকল্পনা কমিশনের অনুমোদনক্রমে নলডাঙ্গা-নাটোর এবং ভাঙ্গুরা-পাবনা ফায়ার স্টেশনের জমি অধিগ্রহণ খাতে ১৩১.৩৪২ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে। বর্তমানে ১৬টি স্টেশন নির্মাণ কাজ শেষ উদ্বোধন করা হয়েছে এবং ২২টি স্টেশনের নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি সভাকে আরো জানান যে, ০৭টি স্টেশনের নির্মাণ কাজ আশানুরূপ নয়। এর মধ্যে নলডাঙ্গা-নাটোর ফায়ার স্টেশনের নির্মাণ কাজ ফেব্রুয়ারি/২১ মাসে শুরু হয়েছে এবং গণপূর্ত বিভাগ উদ্যোগী হলে নির্ধারিত সময়ে সম্পন্ন হবে বলে আশা প্রকাশ করেন। এছাড়া নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ জুন/২০২১ এর মধ্যে ০৮টি স্টেশনের মধ্যে ২/৩টি স্টেশনের জমি অধিগ্রহণ করা সম্ভব হলেও অবশিষ্ট ৫/৬টি স্টেশনের জমি অধিগ্রহণ করা সম্ভব হবে না। জমি অধিগ্রহণের জটিলতার জন্য ৮টি ফায়ার স্টেশনের নির্মাণ কাজ শুরু করা সম্ভব হবে না। এ কারণে প্রকল্প থেকে ০৮টি স্টেশনের নির্মাণ কাজ বাদ দিয়ে প্রকল্পটি সমাপ্ত করণের লক্ষ্যে ব্যয় হ্রাস করে প্রকল্পটি ৩য় সংশোধন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে অধিগ্রহণকৃত জমি ছাড়াও এই অসমাপ্ত ০৮টি ফায়ার স্টেশন নির্মাণের জন্য নতুন প্রকল্পে অন্তুর্ভুক্ত করতে পারে মর্মে মতামত দেন। এছাড়া যেসকল স্টেশনের নির্মাণ কাজ ৮১-১০০% অগ্রগতি হয়েছে সেগুলো আগামী ১ মাস এবং যে সকল স্টেশনের নির্মাণ কাজ ৪১-৮০% সম্পন্ন হয়েছে সেগুলোর নির্মাণ কাজ আগামী ২ মাসের মধ্যে শেষ করার জন্য অনুরোধ করেন।

০৩। এ পর্যায়ে গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) জানান যে, নির্মাণাধীন ২২টি ফায়ার স্টেশনের মধ্যে ০৭টি ফায়ার স্টেশনের নির্মান কাজের অগ্রগতি তুলনামূলক কম এর মধ্যে নাটোরের নলডাঙ্গা ফায়ার স্টেশনের নির্মাণ কাজর অগ্রগতি ২০% এর কম হওয়ায় নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ জুন/২০২১ এর মধ্যে সম্পন্ন করার ঝুঁকি রয়েছে। এক্ষেত্রে প্রকল্পের মেয়াদ ০৬ মাস সময় বৃদ্ধি করলে ভালো হত বলে তিনি মতামত দেন। তবে তারা আন্তরিকতার সঙ্গে মানসম্মতভাবে জুনের মধ্যে কাজ শেষ করতে পারবে মর্মে আশা ব্যক্ত করেন।

০৪। আইএমইডি এর প্রতিনিধি বলেন যে, পূর্বের (০৩-১২-২০২০ খ্রি: তারিখের) পিআইসি সভার সিদ্ধান্ত মোতাবেক বিদ্যমান প্রকল্পটির ০৮টি ফায়ার স্টেশন নির্মান কাজ অসমাপ্ত রেখে বাকি ৩৮টি ফায়ার স্টেশন নির্মাণ কাজ সম্পন্ন করে প্রকল্পটি সমাপ্ত করা যেতে পারে এবং প্রকল্প ব্যয় হ্রাস করে দ্রুত ডিপিপি সংশোধন করার অনুরোধ করেন। এক্ষেত্রে প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে সমাপ্ত করায় আইএমই বিভাগকে অবহিত করতে হবে মর্মে মতামত প্রদান করেন।

০৫। সুরক্ষা সেবা বিভাগের উপসচিব (উন্নয়ন) আলোচনায় সভাকে অবহিত করেন যে, প্রকল্পটি জুন/২০২১ এর মধ্যে সমাপ্তির সিদ্ধান্তের প্রেক্ষিতে নতুন অর্থবছরে এ প্রকল্পের জন্য কোন বরাদ্দ চাওয়া হয়নি। এছাড়া এ বছর সমস্ত সমাপ্ত প্রকল্পের মধ্যে এই প্রকল্পের নামের তালিকা প্রেরণ করা হয়েছে। তাই এ পর্যায়ে প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধি করার কোন সুযোগ নাই। তাই নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ জুন/২০২১ এর মধ্যে সমাপ্ত করার অনুরোধ জানান।

০৬। এ পর্যায়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক জানান যে, বিগত প্রতিটি সভায় প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সকল স্টেশনের ভৌত অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন করা সম্ভব হবে মর্মে গণপূর্ত বিভাগ হতে জানানো হয়েছে এবং সেই আলোকে ০৮টি ফায়ার স্টেশন ৪৬ প্রকল্প থেকে বাদ দেওয়া হয়েছে। বিবেচ্য প্রকল্পটি ০৩ মাস পরে শেষ হবে এ পর্যায়ে নির্মাণকাজ সম্পন্ন না করার বিষয়ে আশংকা করার কোন সুযোগ নেই। তিনি চ্যালেঞ্জ গ্রহণ করে উদ্যোগী হয়ে জুন ২০২১ এর মধ্যে প্রকল্পের নির্মাণ কাজ শেষ করার জন্য গণপূর্ত বিভাগকে অনুরোধ করেন।

০৭। সভাপতি গণপূর্ত অধিদপ্তরকে নির্ধারিত সময়ের মধ্যে মানসম্পন্ন ভাবে সকল স্টেশনের নির্মাণ কাজ সম্পন্ন করার অনুরোধ করেন এবং সংশ্লিষ্ট অধিদপ্তর, প্রকল্প পরিচালক এবং গণপূর্ত বিভাগকে উদ্যোগী হবার অনুরোধ করেন। এছাড়া যে সকল স্টেশনের নির্মাণ কাজ পিছিয়ে আছে সেগুলোসহ বিশেষ ভাবে নলডাঙ্গা-নাটোর স্টেশনটির নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তরকে চ্যালেঞ্জ হিসাবে গ্রহন করার জন্য অনুরোধ করেন। এছাড়া উদ্বোধন যোগ্য সমাপ্ত স্টেশনের তালিকা প্রেরণসহ স্টেশন সমূহ বুঝে নেওয়ার ক্ষেত্রে চেকলিষ্ট প্রণয়ন পূর্বক নির্ধারিত কমিটি কর্তৃক বুঝে নেওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। ব্যয় হ্রাস করে ডিপিপি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন এবং নির্ধারিত সময়ে প্রকল্পটি সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

০৮। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৮.১) স্বল্প অগ্রগতি সম্পন্ন ০৭টি ফায়ার স্টেশন বিশেষ করে নলডাঙ্গা-নাটোর স্টেশনটির নির্মাণ কাজ সম্পন্ন করন গণপূর্ত অধিদপ্তরকে চ্যালেঞ্জ হিসাবে গ্রহন করে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে ।

(৮.২) ব্যয় হ্রাস করে ০৮টি স্টেশন বাদ দিয়ে দ্রুততার সাথে ডিপিপি সংশোধন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অসমাপ্ত রেখে প্রকল্পটি সমাপ্ত করার বিষয়ে আইএমইডি হতে অনুমোদনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(৮.৩) যে সকল স্টেশনের কাজ শেষ হয়েছে সেসকল স্টেশনের নামের তালিকা উদ্বোধনের জন্য প্রেরণ করতে হবে ও চেকলিষ্ট অনুযায়ী নির্ধারিত কমিটি কর্তৃক বুঝে নিতে হবে।

(৮.৪) এ প্রকল্পের ০৮টি, "দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সদর/স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের ১৩টি এবং যেসকল স্থানে ফায়ার স্টেশন নির্মাণের জন্য জমি রয়েছে সে সকল স্থানে ফায়ার স্টেশন নির্মাণের জন্য নতুন করে প্রকল্প গ্রহণ করতে হবে।

(৮.৫) জুন ২০২১ এর মধ্যে প্রকল্প সমাপ্তির পূর্বে পুনরায় পিআইসি ও পিএসসি সভা করে সর্বশেষ অগ্রগতি অবহিত করতে হবে।

০৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহিদুজ্জামান)
সিনিয়র সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সুরক্ষা সেবা বিভাগ

পরিকল্পনা শাখা-১

২৩ মার্চ ২০২১ তারিখ রোজ মঙ্গলবার সকাল ০৩.৩০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ৪র্থ প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | মো: খায়রুল আলম সেখ<br>অতি: সচিব (উন্নয়ন) | SSD, | 01711581678 | [signature] 26/3/21 |
| ৩. | মল্লিক সাঈদ মাহবুব<br>যুগ্মসচিব, | SSD | 01712773232 | [signature] 23.3.2021 |
| ৪. | মো: [illegible] আলম [illegible]<br>উপসচিব (উ.) | SSD | - | [signature] 23/3/2021 |
| ৫. | মো: [illegible] সিদ্দিকী<br>মুখ্য [illegible] (নিরীক্ষা) | GED | 01755615270 | [signature] 23/3/2021 |
| ৬. | মো: [illegible] ইসলাম<br>অতি: প্রধান প্রকৌশলী | PWD | 01712-054178 | [signature] 23/3/2021 |
| ৭. | মোহাম্মদ [illegible]<br>তত্ত্বাবধায়ক প্রকৌ: | PWD | 01711302131 | [signature] 23/3/21 |
| ৮. | স্বর্ণেন্দু শেখর মন্ডল<br>নির্বাহী প্রকৌশলী | PWD | 01772 111 888 | [signature] |
| ৯. | নূরে আলমামী<br>সিনিয়র সহকারী সচিব | স্বাস্থ্য অধি: | 01732728679 | নূরে আলমামী |
| ১০. | ব্রি: জেনা: সাজ্জাদ<br>ডিজি ফায়ার সার্ভিস | FSCD | 01730002321 | [signature] |
| ১১. | মো. মতিয়ার রহমান<br>যুগ্ম (JS) | IMED | 01712-010216 | [signature] 23/3/21 |
| ১২. | মো: [illegible] মান্নান<br>যুগ্ম সচিব | FD | 01711-970906 | [signature] 23/3/21 |

| ক্রঃ নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৩. | [illegible] | FSCD | 01713145070 | |
| ১৪. | তারিক আহমদ উপসচিব | SSD | 01678055551 | |
| ১৫. | শহীদ মোহাম্মদ জহিরুল হক সিনিয়র সহকারী প্রধান | SSD | 01727202762 | |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |